



তারিখ ... ..

পৃষ্ঠা ৩৫ বঙ্গবাসী ... ২

## ছাত্রদল কর্মী সজল হত্যার মামলার তদন্ত শুরু করেছে গোয়েন্দা পুলিশ

ইত্তেফাক রিপোর্ট ॥ তিন বছর আগে রাজধানীর সায়েঙ্গ ল্যাবরেটরী মোড়ে ছাত্রদল কর্মী সজল চৌধুরী হত্যার মামলার তদন্ত গোয়েন্দা পুলিশ শুরু করেছে। সে সময় হরতালের সমর্থনে বিএনপির মিছিলের অগ্রভাগে সজল ছিল। শান্তি মিছিল থেকে গুলী চালিয়ে তাকে হত্যা করা হয়েছিল। ইতিমধ্যে এ হত্যার মামলায় সাবেক এমপি আলহাজ্ব মকবুল হোসেনসহ দু'জনকে গ্রেফতার করা হয়েছে। সাবেক সরকারের সময় তাড়াহুড়ো করে গোয়েন্দা পুলিশই সজল হত্যার মামলার ফাইনাল রিপোর্ট দাখিল করেছিল।

আইনজীবী সহিদুর রহমান চৌধুরীর একমাত্র পুত্র সজল। তার বড় ও ছোট দু'কন্যা (১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃপ্রঃ)

### ছাত্রদল কর্মী (শেষ পৃষ্ঠার পর)

বোন রয়েছে, ৬ঃ মালেকা সায়েঙ্গ কলেজ থেকে ডিগ্রী পরীক্ষা দেয়ার পর ছাত্রদলের কর্মী সজল সরকার বিরোধী আন্দোলনে দলের পক্ষে কর্মকান্ড শুরু করে। তার বাসা ৩০১, পশ্চিম ধানমন্ডি, সড়ক ৮/এ। ১৯৯৯ সালের ৯ই ফেব্রুয়ারী বিএনপির হরতালে সজল ছিল ছাত্রদলের মিছিলে। সকাল ১১টায় সায়েঙ্গ ল্যাবরেটরী মোড়ে হরতাল বিরোধী শান্তি মিছিল থেকে গুলী চালিয়ে সজলকে হত্যা করা হয়। গোয়েন্দা পুলিশ তদন্ত চালিয়ে সম্প্রতি এসব তথ্য পেয়েছে।

পুলিশ জানায়, হরতাল বিরোধী আওয়ামী লীগের শান্তি মিছিলের সামনে ছিলেন মকবুল হোসেন তার ক্যাডারসহ। তার নির্দেশেই সজল চৌধুরীকে গুলী করা হয়। তদন্তকালে এ ব্যাপারে সাক্ষ্য প্রমাণও পাওয়া গেছে। হত্যার মামলায় মকবুল হোসেন ছাড়াও সলিম উল্লাহ সলুকে গ্রেফতার করা হয়েছে।

একমাত্র পুত্র হারা পিতা-মাতা কেমন আছেন জানতে চাইলে সহিদুর রহমান চৌধুরী কাদতে কাদতে বলেন, যার গেছে সে বুকে কেমন থাকা যায়। সবচেয়ে বড় কষ্ট হলো সন্তানের লাশ পিতাকে বহন করা এ কষ্টের শেষ নেই। সজল হত্যার মামলা ধামাচাপা দেয়ার জন্য বড় ভ্রাতামাতা নিয়াজ আহমেদকে সাবেক সরকার পাঁচ মামলায় জড়িয়ে ডিটেনশন দিয়েছিল। তিনি বর্তমানে ন্যায় বিচার পাবেন বলে আশাবাদী। সহিদুর রহমান জানান, সজল আর আসবেনা। আমি চাই রাজনৈতিক হত্যাকাণ্ড বন্ধ হোক। যাতে আর কোন বাবা-মাকে এভাবে সন্তানের লাশ বহন করতে না হয়।

সজলের স্মৃতি রক্ষার্থে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ১৯৯৯ সালের ১৩ই ফেব্রুয়ারী বিরোধী দলীয় নেত্রী থাকাকালে ঘোষণা দিয়েছিলেন, সায়েঙ্গ ল্যাবরেটরী মোড়কে সজল স্কোর করার করা হবে যদি বিএনপি ক্ষমতায় যায়। এদিকে, সিলেটের বিয়ানী বাজার থানা জনকল্যাণ সমিতি শেওলা সেতু 'শহীদ সজল সেতু' নাম করণের জন্য সরকারের প্রতি দাবী জানিয়েছে। সজলের বাড়ী বিয়ানী বাজার থানা এলাকায়। আজ ৯ই ফেব্রুয়ারী তার তৃতীয় মৃত্যু বার্ষিকী।

#### কর্মসূচী

সজল চৌধুরীর তৃতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে আজ সকালে ধানমন্ডিস্থ ঈদগাহ ময়দান থেকে শোভাযাত্রার মাধ্যমে কবর জিয়ারত, সাইঙ্গ ল্যাবরেটরী মোড়ে 'সজল স্কোরারের' ভিত্তিপ্রস্তর স্থাপন, দিনব্যাপী